# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

প্রশাসন বিভাগ
সাধারণ শাখা
www.manikganjpourashava.com

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-সাধাঃ-২০২৪-৪১৮ তারিখ ঃ ২১/০৩/২০২৪ খ্রি.

**মানিকগঞ্জ পৌরসভার পৌর পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী ঃ-**

| | | |
|---|---|---|
| সভার নম্বর | ঃ | ৪০ (চল্লিশ) |
| সভাপতি | ঃ | জনাব মোঃ রমজান আলী, মেয়র, মানিকগঞ্জ পৌরসভা |
| তারিখ | ঃ | ২১ মার্চ, ২০২৪ খ্রি. |
| বার | ঃ | রোজ বৃহস্পতিবার |
| সময় | ঃ | ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | মানিকগঞ্জ পৌরসভার সভা কক্ষ |

**সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ ঃ**

০১। জনাব নাজমা আকতার, কাউন্সিলর, ০১নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০২। জনাব রাজিয়া সুলতানা, কাউন্সিলর, ০২নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৩। জনাব জেসমিন আক্তার, কাউন্সিলর, ০৩নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৪। জনাব আবুল কালাম আজাদ, কাউন্সিলর, ০১নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৫। জনাব মোঃ নুরুল ইসলাম, কাউন্সিলর, ০২নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৬। জনাব মোঃ তছলিম মিয়া, কাউন্সিলর, ০৩নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৭। জনাব মোঃ আরশেদ আলী বিশ্বাস, কাউন্সিলর, ০৪নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৮। জনাব আব্দুর রাজ্জাক, কাউন্সিলর, ০৫নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৯। জনাব শায়েখ শিবলী, কাউন্সিলর, ০৬নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১০। জনাব মোঃ কবির হোসেন, কাউন্সিলর, ০৭নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১১। জনাব আবু মোঃ নাহিদ, কাউন্সিলর, ০৮নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১২। জনাব উজ্জ্বল হোসেন, কাউন্সিলর, ০৯নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা

সভার প্রারম্ভে মেয়র সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দদেরকে স্বাগত এবং শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকল সদস্যদেরকে পর্যায়ক্রমে গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার জন্য অনুরোধ করেন এবং পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমানকে পূর্ববর্তী ৩৯ তম সভার কার্যবিবরণী উপস্থাপন পূর্বক পরবর্তী সভার আলোচ্য সূচী উপস্থানের অনুরোধ জানান।

<u>আলোচ্য সূচি-০১</u> ঃ **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ-**

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা মানিকগঞ্জ।

আলোচনা ঃ সভায় মেয়র কর্তৃক নির্দেশিত হয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমান পূর্ববর্তী ২২/০২/২০২৪ খ্রি. তারিখ সভার কার্যবিবরণী উপস্থিত সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান। পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক পঠিত কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে কোন প্রকার পরিবর্তন ও সংশোধন না থাকায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

আলোচ্য সূচি-০২ ঃ রাজস্ব আয় বৃদ্ধি সংক্রান্ত আলোচনা ঃ-

আলোচনা ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, পৌরসভার "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প"(IUGIP) প্রকল্প চলমান থাকার কারনে রাজস্ব আয় অগ্রাধিকার ভিত্তিতে বৃদ্ধি করার জন্য নির্দেশনা রয়েছে এবং কমপক্ষে ৮০% আয় নিশ্চিত করার জন্য বলা হয়েছে। বিষয়টি সভায় উপস্থাপন করা হলো। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে পৌর রাজস্ব আদায়ের স্বার্থে পৌরকর, দোকান ভাড়াসহ যে সমস্ত খাতে বকেয়া রয়েছে এবং যে সমস্ত খাতে পৌরকর আদায়ের সম্ভাবনা রয়েছে। সেই সকল নতুন নতুন খাত উদঘাটন করে ট্যাক্স আদায় সহ সকল প্রকার ইউটিলিটি সেবা প্রদানের পূর্বে পৌর কর আদায় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

আলোচ্য সূচি-৩ ঃ জন্ম নিবন্ধন সংক্রান্ত আলোচনা ঃ-

আলোচনা ঃ সভায় অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, ০-৪৫ দিনের মধ্যে সকল শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করার জন্য ইতোপূর্বে বারবার তাগিদপত্র সহ নির্দেশনা প্রদান করা হয়েছে। জন্ম নিবন্ধন অধিদপ্তর কর্তৃক ০-৪৫ দিনের শিশুদের জন্ম নিবন্ধনের টার্গেট নির্ণয় করে দেওয়া হয়েছে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক শিশু জন্ম নিবন্ধনের লক্ষমাত্রা আরো বৃদ্ধি করা হয়েছে। তিনি আরো বলেন যে, ২০০৪ সনের জন্ম নিবন্ধন আইন অনুযায়ী পৌরসভা জন্ম ও মৃত্যু নিবন্ধন টাক্স ফোর্স কমিটি গঠণ সহ টাক্স ফোর্স কমিটির দায়িত্ব প্রদান করা হয়েছে। এসডিজি বাস্তবায়েনে ২০০৪ সালের জন্ম নিবন্ধন আইন অনুযায়ী পৌরসভার জন্ম ও মুত্যু নিবন্ধন টাক্স ফোর্স গঠণ ও টাক্স ফোর্স কমিটির কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ২০০৪ সালের জন্ম নিবন্ধন আইন অনুযায়ী পৌরসভার জন্ম ও মুত্যু নিবন্ধন সংক্রান্ত গঠিত টাক্স ফোর্স কমিটির সভা আহবানের মাধ্যমে টাক্স ফোর্স কমিটির কার্যক্রম গ্রহণের পদক্ষেপ গ্রহণ সহ জন্ম নিবন্ধন বিষয়ে আরো সচেতন হওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং কাউন্সিলরবৃন্দকে বিভিন্ন উঠান বৈঠক ও বিভিন্ন সভা সমূহে জন্ম নিবন্ধন বাধ্যতামূলক ভাবে করার বিষয়ে সর্বসাধারণকে অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হলো।

আলোচ্য সূচি-৪ ঃ ডেঙ্গু নিয়ন্ত্রণ বিষয়ক আলোচনা ঃ-

আলোচনা ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, বিগত বছরে ডেঙ্গু প্রাদূর্ভাব ব্যাপক আকারে ধারণ করেছিল। বর্তমানে ডেঙ্গু প্রাদূর্ভাব কমেছে কিন্তু শেষ হয়ে যায়নি। এখনও বিভিন্ন জায়গায় ডেঙ্গু রোগ চিহ্নিত হচ্ছে ও ডেঙ্গু রোগের প্রসার হচ্ছে। ডেঙ্গু নিয়ন্ত্রণে ২০২৪ ইং সনে কর্মপরিকল্পনা গ্রহন করা হয়েছে। উল্লেখিত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। সকল কাউন্সিলর-বৃন্দদেরকে রাস্তা ও রাস্তার পাশের ড্রেন সহ ময়লা আবর্জনা পরিষ্কার পরিচ্ছন্নতা করা এবং নিয়মিত

মোঃ রমজান আলী
মেয়র

পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে সজাগ থাকার আহবান জানান এবং ডেঙ্গু নিয়ন্ত্রণ কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। ডেঙ্গু নিয়ন্ত্রণে উপস্থাপিত কর্মপরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে তৈরীকৃত কর্মপরিকল্পনা অনুযায়ী জনসচেতনতা তৈরীর লক্ষে কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং ডেঙ্গু নিয়ন্ত্রন কর্মপরিকল্পনা অনুমোদন দেওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

<u>আলোচ্য সূচি-৫</u> ঃ <u>মাসিক হিসাব বিবরণী আলোচনা ঃ-</u>

<u>আলোচনা</u> ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা ফেব্রুয়ারি/২০২৪ মাসের পৌরসভার রাজস্ব খাতে আয় ব্যয়ের হিসাব বিবরণী উপস্থাপন করেন। রাজস্ব খাতে প্রারম্ভিক জের সহ আয় হয়েছে ৩,১৩,২৭,১৯১.৮৭ ( তিন কোটি তের লক্ষ সাতাশ হাজার একশত একানব্বই টাকা সাতাশি পয়সা) ও ব্যয় হয়েছে ১,১৪,৭৪,১৫৬.০০ (এক কোটি চৌদ্দ লক্ষ চুরাশি হাজার একশত ছাপ্পান্ন টাকা) টাকা মাত্র । সমাপনী জের- ১,৯৮,৫৩,০৩৫.৮৭ (এক কোটি আটানব্বই লক্ষ তিপান্ন হাজার পয়ত্রিশ টাকা সাতাশি পয়সা) টাকা মাত্র। তিনি আরো জানান যে, পৌর পানি সরবরাহ শাখায় ফেব্রুয়ারি/২০২৪ মাসে রাজস্ব খাতে প্রারম্ভিক জের সহ আয় হয়েছে ৫০,২১,৬৫৯.৫৫ (পঞ্চাশ লক্ষ একুশ হাজার ছয়শত উনষাট টাকা পঞ্চান্ন পয়সা) টাকা মাত্র ও ব্যয় হয়েছে ২৩,২২,৫৬৬.০০ ( তেইশ লক্ষ বাইশ হাজার পাঁচশত ছয়ষট্টি টাকা) টাকা মাত্র। সমাপনী জের- ২৬,৯৯,০৯৩.৫৫ ( সাব্বিশ লক্ষ নিরানব্বই হাজার তিরানব্বই টাকা পঞ্চান্ন পয়সা) টাকা মাত্র। উপরোক্ত উপস্থাপিত হিসাব বিবরণী সমূহের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় পৌর নির্বাহী কর্মকর্তা বলেন আপ্যায়ন ও অপ্রত্যাশিত খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে যা নিয়ন্ত্রণ করা প্রয়োজন।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ফেব্রুয়ারি/২০২৪ মাসের হিসাব বিবরণী সমূহ অনুমোদন দেয়ার সিদ্ধান্ত গৃহিত হলো।

<u>আলোচ্য সূচি-৬</u> ঃ <u>জেলা উন্নয়ন সমন্বয়, জেলা আইন শৃঙ্খলা ও পৌরসভার বিভিন্ন কমিটির সুপারিশ পর্যালোচনা ঃ-</u>

<u>আলোচনা</u> ঃ (ক) পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, বিগত ২২/০২/২০২৪ খ্রি. তারিখে সভায় পৌরসভার উপর বিভিন্ন দায়িত্ব অর্পণ করে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। জেলা উন্নয়ন সমন্বয় ও আইন শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক নিম্ন লিখিত বিষয়ে পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত হয়েছে। উল্লেখিত সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ ঃ

(১) বেউথা আন্ধারমানিক রাস্তার কাজ দ্রুত শেষ করতে বলা হয়েছে।

(২) পৌরসভার সকল বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করতে বলা হয়েছে।

(৩) মানিকগঞ্জ পৌরসভার মাঝ দিয়ে প্রবাহিত খালের সৌন্দর্য্য বর্ধনের কাজ দ্রুত শেষ করতে বলা হয়েছে।

(৪) পরিবেশ রক্ষার্থে স্থায়ী ডাম্পিং গ্রাউন্ড স্থাপনের দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে বলা হয়েছে।

(৫) মানিকগঞ্জ বাসষ্ট্যান্ড হতে বেউথা পর্যন্ত রাস্তার ডিভাইডারের মাঝে আলোক সজ্জার লাইট চালু করতে বলা হয়েছে।

(৬) মানিকগঞ্জ শহরে ভাষমান দোকান সমূহ অপসারণের কথা বলা হয়েছে।

(৭) মুক্তিযুদ্ধের ভাষ্কর্য অদম্য ৭১ এর চার পাশে অবৈধ দোকান পাট উচ্ছেদ সহ সৌন্দর্য্য বর্ধনের নির্দেশনা দেওয়া হয়েছে।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

উল্লেখিত বিষয় সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। কাউন্সিলরগণ জরুরী ভিত্তিতে উত্থাপিত সিদ্ধান্ত সমূহ পৌরসভা কর্তৃক সমাধান পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আলোচনা করা হয়।

(খ) পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, বিগত ২০/০৩/২০২৪ খ্রি. তারিখ শহর সমন্বয় কমিটির সভায় IUGIP প্রকল্পের মাধ্যমে বেউথা ঘাট মোড়ে হাজারি গুরের প্রতিকৃতি স্থাপন, জেলা প্রশাসকের কার্যালয় সংলগ্ন ঘড়ি নির্মাণ ও মানিকগঞ্জ বাস স্ট্যান্ডে বঙ্গবন্ধুর মোড়াল স্থাপন করার বিষয়ে সুপারিশ গৃহিত হয়েছে এবং উক্ত কাজ বাস্তবায়নের জন্য নিম্ন লিখিত ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠণ করা হয়েছে।

০১। জনাব আ.ন.ম গিয়াস উদ্দিন খান, নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।

০২। জনাব মোঃ তছলিম মিয়া, প্যানেল মেয়র-২, মানিকগঞ্জ পৌরসভা।

০৩। জনাব ডা. জেসমিন আক্তার, প্যানেল মেয়র-৩, মানিকগঞ্জ পৌরসভা।

০৪। জনাব মোঃ ফারুক হোসেন, সদস্য, শহর সমন্বয় কমিটি।

০৫। জনাব আব্দুল করিম বিশ্বাস, সদস্য, শহর সমন্বয় কমিটি।

সিদ্ধান্ত ঃ (ক) বিস্তারিত আলোচনান্তে জেলা উন্নয়ন সমন্বয়, জেলা আইন শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

(খ) গঠিত ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে IUGIP প্রকল্পের অর্থে বেউথা ঘাট মোড়ে হাজারি গুড়ের প্রতিকৃতি স্থাপন, জেলা প্রশাসকের কার্যালয় সংলগ্ন ঘড়ি নির্মান ও মানিকগঞ্জ বাস স্ট্যান্ডে বঙ্গবন্ধুর মোড়াল স্থাপন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

আলোচ্য সূচি-৭ ঃ **পৌর এলাকার মসজিদ সমূহে পৌরসভার মাধ্যমে ইফতার সামগ্রী ক্রয় ও বিতরণ সংক্রান্ত আলোচনা ঃ-**

আলোচনা ঃ মেয়র সভাকে জানান যে, প্রতি বছর মানিকগঞ্জ পৌরসভার মাধ্যমে পৌর এলাকার মসজিদ সমূহে ইফতার সামগ্রী ক্রয় পূর্বক বিতরণ করা হয়ে থাকে। বর্তমানে রমজান মাস অতিবাহিত হচ্ছে। তাই পৌরসভার মাধ্যমে পৌর এলাকার মসজিদ সমূহে চলমান রমজান মাসে ইফতার সামগ্রী প্রদানের বিষয়ে উপস্থিত কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌরসভার মাধ্যমে পৌর এলাকার মসজিদ সমূহে ইফতার সামগ্রী প্রদানের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহিত হলো এবং ইফতার সামগ্রী ক্রয়ের খরচ পৌরসভার রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং ০৮নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর জনাব অবু মোঃ নাহিদ এর নামে অগ্রীম টাকা উত্তোলন পূর্বক ইফতার সামগ্রী ক্রয়ের এবং বিতরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

আলোচ্য সূচি-৮ ঃ **পৌরসভার পানি সরবরাহ শাখার বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-**

আলোচনা ঃ পৌরসভার নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, পৌরসভার পানি সরবরাহ শাখায় পূর্ব হতে বিভিন্নভাবে পর্যায়ক্রমে বিদ্যুৎ বিল সম্পূর্ন পরিশোধ না করায় পানি সরবরাহ শাখায় বকেয়া বিদ্যুৎ বিলের পরিমান বর্তমানে ২,৭৮,৯৪,৫৩০.০০ (দুই কোটি আটাত্তর লক্ষ চুরানব্বই হাজার পাঁচশত ত্রিশ) টাকা দাড়িয়েছে। যাহা পরিশোধ করা পানি সরবরাহ শাখার জন্য অসম্ভব হয়ে দাড়িয়েছে। মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি পৌরসভার বকেয়া পরিশোধের জন্য বারবার তাগিদ পত্র দিচ্ছে। এবং বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য জেলা উন্নয়ন সমন্বয় কমিটিতে বারবার আলোচনা অনুষ্ঠিত হচ্ছে। পৌরসভার বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য স্থানীয় সরকার বিভাগ পৌর-১ শাখা বারবার তাগিদ পত্র প্রেরন করছেন। পল্লী বিদ্যুৎ সমিতি পানি সরবরাহ শাখার বিদ্যুৎ লাইন কর্তনের পদক্ষেপ গ্রহনের প্রক্রিয়া করছেন। IUGIP প্রকল্পের ক্রাইটেরিয়া অনুযায়ী বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ না

মোঃ রমজান আলী
মেয়র

করলে প্রকল্পের অর্থ ছাড় করবে না মর্মে নির্দেশনা রয়েছে। তা ছাড়া জেলা প্রশাসক কর্তৃক বিভিন্ন ধরনের সভায় বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের চাপ সৃষ্টি করছেন। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে (১) পানি সরবরাহ শাখার ব্যয়ের কৃচ্ছতা সাধন পূর্বক আয় বৃদ্ধির সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

(২) পানি সরবরাহ শাখার বকেয়া ২,৭৮,৯৪,৫৩০.০০ (দুই কোটি আটাত্তর লক্ষ চুরানব্বই হাজার পাঁচশত ত্রিশ) টাকা পানির বিল দ্রুত আদায়ের কার্যকরী ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

(৩) পানি সরবরাহ শাখার বকেয়া বিল আদায়ের জন্য সরকারী নির্দেশনা মোতাবেক ক্রোক পরোয়ানা জারির সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

(৪) পৌর এলাকার অবৈধ্য সংযোগ গ্রহনকারীদের চিহ্নিত পূর্বক জরিমানা সহ পানির বিল আদায়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

(৫) পৌর এলাকার যে সকল গ্রাহকগণ পৌরসভার অনুমতি ব্যতিরেখে সাবমারসিবল পাম্প বসিয়েছেন তাদের চিহ্নিত পূর্বক বিগত পৌর পরিষদের ৩৮ তম সভায় সিদ্ধান্ত অনুযায়ী সাবমারসিবল পাম্প বসানোকারীদের নিকট হতে ফি গ্রহন পূর্বক অনুমতি প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

(৬) পৌর এলাকার পারিবারিক পানির বিল আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

বিবিধ-০১ ঃ **আর্থিক অনুদান বিষয়ে আলোচনা ঃ**

আলোচনা ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভায় বলেন যে, আর্থিক সহযোগিতা পাওয়ার জন্য রীপা আক্তার,স্বামী মোঃ কাঞ্চন,সাং- বড় সুরুন্ডী,মানিকগঞ্জ তার স্বামীর ডায়ালাইসিস চিকিৎসার জন্য মেয়র বরাবর আর্থিক সহযোগিতা চেয়েছেন। আবেদন পত্রটি বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প"(IUGIP) এর নির্দেশনা মোতাবেক বকেয়া বিদ্যুৎ বিল, বিএমডিএফ এর বকেয়া কিস্তি পরিশোধ না করলে এবং IUGIP প্রকল্পের ক্রায়টেরিয়া পুরণ না করতে পারলে প্রকল্প হতে কোন অর্থ ছাড় করবেনা। IUGIP প্রকল্প বাস্তবায়নের স্বার্থে রাজস্ব খাতের অর্থ যতদূর সম্ভব সাশ্রয়ী ভাবে চিন্তাভাবনা করে খরচ করতে হবে। উপরোক্ত প্রাপ্ত আবেদন পত্র সমূহ নিয়ে কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপরোক্ত উপস্থাপিত আর্থিক সহযোগিতার আবেদন মোতাবেক রীপা আক্তার,স্বামী মোঃ কাঞ্চন,সাং- বড় সুরুন্ডী,মানিকগঞ্জ তার স্বামীর ডায়ালাইসিস চিকিৎসার জন্য আর্থিক অনুদান হিসেবে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পৌরসভার রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

বিবিধ-০২ ঃ **বাংলাদেশ সরকার, ADB & AFD এর আর্থিক সহায়তায় বাস্তবায়নাধীন নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পের (IUGIP) আওতায় প্রণীত Urban Governance Improvement Action Plan (UGIAP) এ বর্ণিত কার্যক্রম বাস্তবায়নে প্রেরিত ক্রাইটেরিয়া বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ**

আলোচনা ঃ

পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমান সভাকে জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) এলজিইডি ভবন, লেভেল-১২,

মোঃ রমজান আলী
মেয়র

আগারগাও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭ এর স্মারক নং- ৪৬.০২.০০০০.৭৯৬.১৪.১০৩. ২০২৩.১১৯৬ (৮৮) তারিখঃ ১৩/১২/২০২৩ খ্রি. পত্রের ০৯(নয়) টি ক্রাইটেরিয়া সভায় উপস্থাপন করেন। ক্রাইটেরিয়া সমুহ গত ২০/০৩/২০২৪ খ্রি. তারিখ শহর সমন্বয় কমিটির সভায় উপস্থাপন করা হয় এবং বিভিন্ন সুপারিশ গৃহিত হয়। উক্ত ক্রাইটেরিয়া সমূহ নিম্নরূপ ঃ

০১। <u>নাগরিক সচেতনতা ও অংশগ্রহণ ঃ</u>

(ক) নাগরিক সচেতনতা ও অংশগ্রহণ বিষয়ে UGIAP বর্ণিত কার্যক্রম সমূহ বাস্তবায়নে পৌরসভায় নিয়মিত ভাবে TLCC কমিটির সভা অনুষ্ঠান, WLCC কমিটির সভা অনুষ্ঠান এবং TLCC সভার বিভিন্ন সুপারিশ, WLCC সভার বিভিন্ন সুপারিশ, পৌর পরিষদ সভায় আলোচনা এবং WLCC কমিটি গঠন ও সভা করার জন্য নির্দেশনা রয়েছে।

(খ) মানিকগঞ্জ পৌরসভায় ও বিভিন্ন ওয়ার্ডে নাগরিক সনদ অর্থাৎ সিটিজেন চার্টার প্রস্তুত ও হালনাগাদ করে প্রকাশের নির্দেশনা রয়েছে। পৌরসভা কর্তৃক প্রস্তুতকৃত এবং শহর সমন্বয় কমিটি (TLCC) সুপারিশকৃত সিটিজেন চার্টার উপস্থাপন করেন।

(গ) প্রকল্পে নির্দেশনা মোতাবেক GRC কমিটি গঠন করা সহ কমিটির কার্যক্রম গ্রহনের নির্দেশনা রয়েছে। উল্লেখিত নাগরিক সচেতনতা অংশগ্রহন বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক নাগরিক সচেতনতা ও অংশগ্রহণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম ইতোমধ্যে বাস্তবায়ন হচ্ছে এবং প্রকল্পের নির্দেশনা মতে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং নাগরিক সচেতনতা বৃদ্ধির লক্ষে হালনাগাদ সিটিজেন চার্টার সংযুক্ত করা হয়েছে যাহা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

০২। <u>নগর পরিকল্পনা ঃ</u> নগর পরিকল্পনা বিষয়টি সভায় উপস্থাপন করা হয় এ বিষয়ে মানিকগঞ্জ পৌরসভার প্রকৌশল বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক নগর পরিকল্পনা সংক্রান্ত কার্যক্রম প্রকৌশল বিভাগকে গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

০৩। <u>নারী ও শহরে দরিদ্র জনগোষ্ঠির সমতা ও অন্তর্ভুক্তিকরণ ঃ</u> মানিকগঞ্জ পৌরসভায় প্রকল্পের নির্দেশনা অনুযায়ী নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি গঠিত হয়েছে এবং নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভা নিয়মিত ভাবে অনুষ্ঠিত হচ্ছে। পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ইতোপূর্বে মানিকগঞ্জ পৌরসভায় স্লাম পেভেলপমেন্ট কমিটি নামে ২০ (বিশ)টি কমিটি গঠিত ছিল। বর্তমানে তাহা নাম পরিবর্তন হয়ে নিম্ন আয়ের কমিউনিটি এলাকা হিসেবে চিহ্নিত হয়ে ২২(বাইশ)টি কমিটিতে গঠিত হয়েছে। উক্ত ২২(বাইশ)টি কমিউনিটির নামের তালিকা সভায় উপস্থাপন করা হয় এবং সকলকে কমিউনিটির নামের তালিকা পড়ে শুনানো হয়। প্রকল্পে নির্দেশনা মোতাবেক নারী ও শহরে দরিদ্র জনগোষ্ঠির সমতা ও অন্তর্ভুক্তিকরণ কার্যক্রম চলমান অবস্থায় রয়েছে। ২২(বাইশ)টি নিম্নআয়ের কমিনিটি নামের তালিকা নিম্নরূপ ঃ

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

| ক্রঃনং | বস্তি/হতদরিদ্র এলাকার নাম | ওয়ার্ড | অবস্থান/মহল্লা |
|---|---|---|---|
| ০১ | পশ্চিম সেওতা | ১ | পশ্চিম সেওতা |
| ০২ | উচুটিয়া লৌহকার পাড়া | ২ | উচুটিয়া |
| ০৩ | নওখন্ডা ঋষিপাড়া | ৩ | নওখন্ডা |
| ০৪ | বকজুরী | ৪ | বকজুরী |
| ০৫ | পূর্ব দাশড়া ঋষিপাড়া | ৫ | পূর্ব দাশড়া |
| ০৬ | পশ্চিম দাশড়া ঋষিপাড়া | ৬ | পশ্চিম দাশড়া |
| ০৭ | মাঝি পাড়া (বান্দুটিয়া) | ৭ | বান্দুটিয়া |
| ০৮ | জয়নগর মাঝিপাড়া | ৮ | জয়নগর |
| ০৯ | নয়াকান্দি (খালপাড়) | ৯ | নয়াকান্দি |
| ১০ | সুরুন্ডী | ৯ | সুরুন্ডী |
| ১১ | বেউথা(বস্তি) | ৯ | বেউথা |
| ১২ | জাগীর ভিটা | ২ | বৈতরা |
| ১৩ | আন্ধারমানিক | ৮ | আন্ধারমানিক |
| ১৪ | পশ্চিম দাশড়া (খালপাড়) | ৬ | পশ্চিম দাশড়া |
| ১৫ | পোড়রা ঋষিপাড়া | ৩ | পোড়রা |
| ১৬ | মত্ত পটল | ৪ | মত্ত পটল |
| ১৭ | ম্যাথোর কলোনী | ৬ | পশ্চিম দাশড়া |
| ১৮ | কান্দা পৌলী | ৭ | কান্দা পৌলী |
| ১৯ | চর বেউথা | ৮ | চর বেউথা |
| ২০ | পশ্চিম দাশড়া (লঞ্চঘাটা) | ৬ | পশ্চিম দাশড়া |
| ২১ | চর হিজুলী (কলির মোড়) | ৪ | হিজুলী |
| ২২ | পটল বিল | ৫ | পটল বিল |

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক নারী ও শহরে দরিদ্র জনগোষ্ঠির সমতা ও অন্তর্ভুক্তিকরণ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং উপরোক্ত গঠিত কমিটি অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

০৪। **স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি ঃ** প্রকল্পের ক্রাইটেরিয়ায় স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধির বিষয়ে উল্লেখ রয়েছে। স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হলো।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক মানিকগঞ্জ পৌরসভায় স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত যাবতীয় কাজ চলমান রয়েছে। প্রকল্পের নির্দেশনা মোতাবেক স্থানীয় সম্পদ আহরণ বিষয়ে বিভিন্নমূখী কার্যক্রম গ্রহনের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

০৫। **আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা ঃ** মানিকগঞ্জ পৌরসভায় প্রকল্পের উল্লেখিত ক্রাইটেরিয়া প্রতিপালনের নির্দেশনা রয়েছে। প্রকল্পের নির্দেশনা মোতাবেক বাজেট প্রণয়ন ত্রৈমাসিক রিপোর্ট প্রদান সহ কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা নিয়মিত ভাবে পরিশোধ করার নির্দেশনা রয়েছে। এ বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমান সভাকে জানান যে, বর্তমান ২০২৩-২০২৪ অর্থ বৎসর চলমান। চলতি অর্থ বৎসরের মার্চ মাস অতিবাহিত প্রায়। তাই পৌরসভার

মোঃ রমজান আলী

২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট প্রণয়নের সময় সন্নিকটে। তাই বাজেট প্রস্তুত করার বিষয়ে উপস্থিত সকলকে অবহিত করেন। প্রাক বাজেট করার জন্য আগামী ১০/১৫ দিনের মধ্যে বাজেট বিষয়ে কোন প্রস্তাবনা বা পরামর্শ থাকলে তাহা পৌর নির্বাহী কর্মকর্তাকে জানানোর জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক বাজেট প্রণয়ন সহ ত্রৈমাসিক রিপোর্ট প্রদান, কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা নিয়মিত ভাবে পরিশোধ করা, আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। এবং প্রাক বাজেট করার জন্য আগামী ১০/১৫ দিনের মধ্যে বাজেট বিষয়ে কোন প্রস্তাবনা বা পরামর্শ থাকলে তাহা পৌর নির্বাহী কর্মকর্তাকে জানানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

০৬। **নগর পরিচালন ও রক্ষণাবেক্ষণ (O & M) ব্যবস্থাপনা ব্যয়ের তথ্য ঃ** মানিকগঞ্জ পৌরসভায় প্রকল্পের ক্রাইটেরিয়া মোতাবেক নগর পরিচালন ও রক্ষণাবেক্ষণ (O & M) ব্যবস্থাপনা ব্যয়ের তথ্য প্রদানের নিদের্শনা রয়েছে এবং তথ্য হালনাগাদ করার জন্য বলা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক অত্র পৌরসভার নির্বাহী প্রকৌশলীকে ইতোমধ্যে নগর পরিচালন ও রক্ষণাবেক্ষণ (O & M) ব্যবস্থাপনা ব্যয়ের তথ্য হালনাগাদ করে প্রকল্প অফিসে প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রকল্পের নির্দেশনা মোতাবেক নগর পরিচালন ও রক্ষণাবেক্ষণ (O & M) ব্যবস্থাপনা ব্যয়ের তথ্য প্রকৌশল বিভাগকে হালনাগাদ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

০৭। **জরিপকৃত রাস্তা, ড্রেন, এবং অন্যান্য সম্পদের তালিকা ঃ** মানিকগঞ্জ পৌরসভায় প্রকল্পের ক্রাইটেরিয়া মোতাবেক জরিপকৃত রাস্তা, ড্রেন, এবং এবং অন্যান্য সম্পদের তালিকা প্রস্তুতের নির্দেশনা রয়েছে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে অত্র পৌরসভার নির্বাহী প্রকৌশলীকে জরিপকৃত রাস্তা, ড্রেন, এবং অন্যান্য সম্পদের তালিকা হালনাগাদ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রল্পের নির্দেশনা মোতাবেক জরিপকৃত রাস্তা, ড্রেন, এবং অন্যান্য সম্পদের তালিকা হালনাগাদ পূর্বক প্রকল্প অফিসে প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

০৮। **প্রশাসনিক স্বচ্ছতা ঃ** মানিকগঞ্জ পৌরসভায় প্রকল্পের ক্রাইটেরিয়া মোতাবেক প্রশাসনিক স্বচ্ছতার বিষয়ে উল্লেখ রয়েছে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক অত্র পৌরসভায় প্রশাসনিক স্বচ্ছতার কাজ বাস্তবায়ন হচ্ছে এবং চলমান রয়েছে। প্রকল্পের নিদের্শনা মোতাবেক প্রশাসনিক স্বচ্ছতা সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

০৯। **পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা ঃ** মানিকগঞ্জ পৌরসভায় প্রকল্পের ক্রাইটেরিয়া মোতাবেক অত্র পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখার নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনার পরিকল্পনা প্রস্তুত করা, ২০২৩-২০২৪ অর্থ বছরের ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষণের কর্মপরিকল্পনা প্রস্তুত করা, ২০২৩-২০২৪ অর্থ বছরের সড়ক বাতি কার্যকর রাখার বিষয় কর্মপরিকল্পনা প্রস্তুত করা, ২০২৩-২০২৪ অর্থ বছরের স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনার কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। উপরোক্ত বিষয় সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা অত্র সভায় আলোচনা পুর্বক অনুমোদনের সুপারিশ সর্ব সম্মতিক্রমে গৃহিত হলো। পৌর পরিষদে আলোচনা পূর্বক পকল্প অফিসে প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

বিবিধ -৩ ঃ **নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন (IUGIP) প্রকেল্পর নির্দেশনা মোতাবেক প্রকল্প গ্রহণ ও প্রাক্কলন অনুমোদনের সুপারিশ প্রসঙ্গে।**

আলোচনা ঃ সভার নির্বাহী প্রকৌশলী জানান যে, পৌরসভা পিডিপি অনুসারে সংশোধিত ৫ (পাঁচ) টি প্রকল্প ও প্রকল্পের বিপরীতে সর্বমোট ৫৯,২৯,৩২,৪৪৪.০০ (উনষাট কোটি উনত্রিশ লক্ষ বত্রিশ হাজার চারশত চুয়াল্লিশ) টাকার প্রাক্কলন তৈরী করা হয়েছে। যাহা গত ২০/০৩/২০২৪ খ্রি. তারিখে শহর সমন্বয় কমিটি (টিএলসিসি) এর সভায় প্রকল্প অফিসে প্রেরণের সুপারিশ গৃহীত হয়েছে। এ বিষয়ে উপস্থিত কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে পিডিপি ও সংশোধিত পিডিপি মোতাবেক এবং গত ২০/০৩/২০২৪ খ্রি. তারিখে শহর সমন্বয় কমিটি (টিএলসিসি)এর সভায় সুপারিশকৃত ৫ (পাঁচ) টি প্রকল্প ও প্রকল্পে বিপরীতে সর্বমোট ৫৯,২৯,৩২,৪৪৪.০০ (উনষাট কোটি উনত্রিশ লক্ষ বত্রিশ হাজার চারশত চুয়াল্লিশ) টাকার প্রাক্কলন অনুমোদন দেওয়ার ও প্রকল্প অফিসে প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

বিবিধ-০৪ ঃ **রাজস্ব খাতে প্রকল্প গ্রহণ সংক্রান্ত আলোচনা ঃ-**

আলোচনা ঃ সভায় নির্বাহী প্রকৌশলী জানান যে, স্থানীয় কাউন্সিলরদের সুপারিশ মোতাবেক জনগুরুত্বের দিক বিবেচনায় পৌর রাজস্ব খাত হতে বাস্তবায়নের জন্য নিম্ন লিখিত প্রকল্প ও প্রাক্কলন অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|
| ০১ | বেউথা প্রাইমারী স্কুল মোড় হতে পূর্ব দিকে মিলনের বাড়ী পর্যন্ত ড্রেনের স্লাব নির্মাণ কাজ। | ৪,৯৮,৩৮৪.০০ |
| ০২ | উড়িয়াজানী ঝিলুর মোড় মেইন রাস্তা হতে পূর্ব দিকে আজাদের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৩,৪৪,৮৯৯.০০ |
| ০৩ | পশ্চিম দাশড়া লঞ্চঘাট সুমি আক্তারের বাড়ীর নিকট আরসিসি পাইপ কালর্ভাট নির্মাণ কাজ। | ১,৭১,৬৬৭.০০ |
| ০৪ | বান্দুটিয়া মেইন রাস্তা হতে আকবরের বাড়ী পর্যন্ত সিসি দ্বারা উন্নয়ন কাজ। | ২,৪২,৯০১.০০ |
| ০৫ | দুধ বাজার বিশা কুলুর দোকানের সামনে হতে প্রবাল সাইকেল স্টোর পর্যন্ত ড্রেন মেরামত ও পরিস্কার করণ কাজ। | ২,৯৩,৮৪৩.০০ |

মোঃ রমজান আলী
মেয়র

| | | |
|---|---|---|
| ০৬ | সাবেক কমিশনার নূরনবীর বাড়ী হতে দক্ষিণে জামির এর বাড়ী পর্যন্ত সড়ক বাতি স্থাপন কাজ। | ৯২,০০০.০০ |
| ০৭ | পোড়রা প্রদীপের বাড়ী হতে তোরনের বাড়ী পর্যন্ত চালি বাঁশের পুল নির্মাণ কাজ। | ৯৩,৭৫২.০০ |
| ০৮ | মালঞ্চ হিরা লাল সেন রাস্তায় সফিকের বাড়ীর নিকট খালের উপর চালি বাঁশের পুল নির্মাণ কাজ। | ৫০,৭৭১.০০ |
| ০৯ | পেইন এন্ড প্যারালাইসিস হাসপাতালের শেষে নজরুলের বাড়ী হতে উত্তর দিকে রাস্তা উন্নয়ন কাজ। | ২,৩০,৩১৫.০০ |
| ১০ | বেউথা মেইন রাস্তায় হবির দোকান হতে পূর্ব দিকে মিজানের বাড়ী পর্যন্ত ড্রেন মেরামত সহ স্লাব নির্মাণ কাজ। | ৪,৯৮,৩৮৪.০০ |
| ১১ | পূর্ব উড়িয়াজানী জমসেরের বাড়ী হতে লাল মিয়ার বাড়ী পর্যন্ত আরসিসি পাইপ কালভার্ট নির্মাণ কাজ (পার্ট-১) | ৩,২৪,১৯৮.০০ |
| ১২ | পূর্ব উড়িয়াজানী জমশের এর বাড়ী হইতে লাল মিয়ার বাড়ী পর্যন্ত আরসিসি পাইপ কালভার্ট নির্মাণ কাজ (পার্ট-২) | ৩,১৪,২৯৮.০০ |
| ১৩ | স্টেডিয়াম পুকুর সংলগ্ন উজ্জলের বাড়ীর সামনের রাস্তা ব্যাটস দ্বারা মেরামত কাজ। | ৪০,৪৮০.০০ |
| ১৪ | নগর ভবনের রুমের টয়লেট মেরামত কাজ। | ১,২৬,৯৬২.০০ |
| ১৫ | গঙ্গাধরপট্টি রাজলক্ষী টাওয়ার হতে এ্যাডঃ ভজন বাবুর বাড়ী পর্যন্ত পাইপ ড্রেন নির্মাণ। | ৪,৫৮,৭৮৬.০০ |
| ১৬ | গঙ্গাধরপট্টি এ্যাডঃ ভজন বাবুর বাড়ী হতে পূর্ব দিকে মাখন সরকারের বাড়ী পর্যন্ত পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ৪,২৬,৭৫২.০০ |
| ১৭ | পশ্চিম নারাঙ্গাই এনপিআই কলেজের নিজ ভবনের পিছনে আবুলের বাড়ী হইতে হযরত আলীর বাড়ী হয়ে মোশারফের বাড়ী পর্যন্ত পুরাতন রাস্তা মেরামত কাজ। | ৫,৯৪,৯৮১.০০ |
| ১৮ | পশ্চিম দাশড়া গ্রামে মরহুম আলী আহম্মেদ এর বাড়ীর উত্তরাংশের পশ্চিমে খালের কালভার্ট নির্মাণ কাজ। | ১,৭১,৬৬৭.০০ |
| ১৯ | পশ্চিম বান্দুটিয়া ডাঃ সেলিমের বাড়ী হতে সাইদুর রহমানের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ২,১৩,৩৭৮.০০ |
| ২০ | উত্তর সেওতা এসপি সাহেবের বাসার নিকট বাঁশের পুল নির্মাণ কাজ। | ৪২,০৯৬.০০ |
| ২১ | কেন্দ্রীয় পৌর বাস টার্মিনাল সংস্কার কাজ। | ১,৬৬,৯০৫.০০ |
| ২২ | পূর্ব দাশড়া ইয়াকুব মঞ্জিল হতে রায়পাড়া পুকুর হয়ে জীবন ধোপার বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৫,৪১,০৬৭.০০ |
| ২৩ | পূর্ব দাশড়া সাবেক সচিব আঃ আজিজ সাহেবের বাড়ী হতে মিস্ত্রী বাড়ী পর্যন্ত আরসিসি পাইপ ড্রেন এবং সিসি রাস্তা নির্মাণ কাজ। | ৬,৬৪,৪৬৯.০০ |
| ২৪ | পূর্ব দাশড়া রাজা মিয়ার মসজিদ হতে সাবেক সচিব আঃ আজিজ সাহেবের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৬,১৬,৭২৫.০০ |
| ২৫ | পূর্ব দাশড়া গুরুদাস মন্ডলের বাড়ী হতে দুলাল দত্তের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৪,৩৮,৮১২.০০ |
| ২৬ | পূর্ব দাশড়া সবুজ ভিলা হতে হানিফের বাড়ীর রাস্তা পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৩,৭৩,৮৯২.০০ |
| ২৭ | পূর্ব দাশড়া রায়পাড়া পুকুরের আরসিসি প্যালাসাইডিং কাজ। | ৫,৮০,৮৮৮.০০ |
| ২৮ | মানিকগঞ্জ বাজার চাউল সেড হতে ছাগল হাটা পর্যন্ত ড্রেনের স্লাব নির্মাণ কাজ। | ১,৮৩,৩৩১.০০ |

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা মানিকগঞ্জ।

| | | |
|---|---|---|
| ২৯ | পূর্ব দাশড়া দিপেন কাপালীর বাড়ী হতে রনজিতের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৫,৭৭,৪৫০.০০ |
| ৩০ | পূর্ব দাশড়া শ্যামলের দোকান হতে রাজ্জাক মাষ্টারের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৫,৪২,৩০২.০০ |
| ৩১ | নগর ভবন রাস্তায় আমেনা টাওয়ার হতে বসুন্ধরার বাড়ী পর্যন্ত পানি নিষ্কাশন কাজ। | ১,৯৯,৭৫৮.০০ |
| ৩২ | কান্দাপৌলী বিল্লালের দোকান হইতে মেহের এর বাড়ী পর্যন্ত রাস্তা মাটি ভরাট কাজ। | ৩,৯৯,৫৭৮.০০ |
| ৩৩ | পূর্ব দাশড়া গোপবাবুর বাড়ী হতে গোলাম আলীর মোড় পর্যন্ত রাস্তা সংস্কার কাজ। | ৮,৮৮,৪৭৭.০০ |
| ৩৪ | নারাঙ্গাই নালুর বাড়ী হতে দুলালের বাড়ী হয়ে রশিদ মাস্টারের বাড়ী পর্যন্ত রাস্তায় অতিরিক্ত বাঁশের প্যালাসাইডিং কাজ। | ৭০,৩৯৫.০০ |
| ৩৫ | বান্দুটিয়া স্টেডিয়াম রোডে কাইয়ূমের বাড়ী হতে দক্ষিণ দিকে ফিরোজের বাড়ী পর্যন্ত মাটি ও প্যালাসাইডিং দ্বারা উন্নয়ন কাজ। | ৪,৮৯,৭১২.০০ |
| ৩৬ | পূর্ব উড়িয়াজানী বক্করের বাড়ী হতে দক্ষিণ দিকে ড্রেনের উপর আরসিসি স্লাব নির্মাণ কাজ। | ৪,৯৮,১৬২.০০ |
| ৩৭ | নগর ভবন রাস্তায় রুস্তম আলী স্যারের বাড়ী হতে কবির সাহেবের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ২,৬৭,৮০৬.০০ |
| ৩৮ | বেগম জরিনা কলেজ সংলগ্ন তোতা নায়েবের মার্কেটের পশ্চিম দিক হতে রানার বাড়ী, ফুল চানের বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ১,১৫,৪৩১.০০ |
| ৩৯ | পোড়রা রাস্তা বিল্টু ক্লাব হতে ঢাকা-আরিচা হাইওয়ে পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৪,৭৮,৭৫৪.০০ |
| ৪০ | পূর্ব উড়িয়াজানী ইন্তার বাড়ী হতে আব্বাসের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৩,৪৪,৮৯৯.০০ |
| ৪১ | পূর্ব উড়িয়াজানী বিন্দার বাড়ীর সামনে পাইপ কালভার্ট নির্মান কাজ। | ২,৪৮,৪৩৯.০০ |
| ৪২ | পোড়রা রাস্তার কাজী ভিলা হতে রশিদের বাড়ী হয়ে লাভলুর বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৩,৬০,৫৯৫.০০ |
| ৪৩ | বড়াই রাস্তা মেরামত কাজ। | ৩৫,০০০.০০ |
| ৪৪ | ল কলেজ হতে পূর্ব দিকে আজাদ এর বাড়ী পর্যন্ত মাটি দ্বারা রাস্তা নির্মাণ কাজ। | ৫,৬০,০০০.০০ |
| ৪৫ | শহীদ স্মরণী সওজ হতে পশ্চিম দিকে মট্টু ভাইয়ের পুকুরের পাশ দিয়ে ১নং ওয়ার্ডের সীমানা পর্যন্ত রাস্তা নির্মাণ। | ৬,৭০,০০০.০০ |
| ৪৬ | বনগ্রাম রাস্তা হতে পূর্ব দিকে নগেন স্যারের বাসা পর্যন্ত পাইপ ড্রেন নির্মাণ। | ৪,৫০,০০০.০০ |
| ৪৭ | পশ্চিম বান্দুটিয়া জান্নাতুল ফেরদৌস জামে মসজিদে মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ১,৯৩,৩৫১.০০ |
| ৪৮ | বৈতরা সাহেব আলীর বাড়ী হতে শিশু পল্লী স্কুল পর্যন্ত মাটি দ্বারা রাস্তা উন্নয়ন কাজ। | ৩,৯৯,২৯৯.০০ |
| ৪৯ | বৈতরা জামে মসজিদ হতে পল্লী শিশু একাডেমী পর্যন্ত রাস্তায় প্লাষ্টিকের বেড়া, সিমেন্টের খুঁটি দ্বারা উন্নয়ন কাজ। | ৪,৫০,০০০.০০ |
| ৫০ | ঢাকা-আরিচা মহাসড়ক হতে উত্তর দিকে ফরিদের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৪,৬৯,১৬১.০০ |
| ৫১ | বান্দুটিয়া আজিজের বাড়ী হতে পারভেজের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৪,৫৩,১৬৭.০০ |

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

| | | |
|---|---|---|
| ৫২ | পৌলী বটতলা হতে শাহাদতের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৪,৩৩,০৩৬.০০ |
| ৫৩ | বড়সরুন্ডি রামিম ইবনে রমজান কবরস্থান হতে আওলাদের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ২,৫৩,৩৪৭.০০ |
| ৫৪ | পূর্ব উড়িয়াজানী জমশের এর বাড়ীর নিকট কার্লভাটের সুইচ গেট নির্মান কাজ। | ২,৫০,০০০.০০ |
| ৫৫ | (১) পৌলী নদীর পাড় বাবুলের বাড়ি হতে শীতলের বাড়ি পর্যন্ত (২) পৌলী ইছাকের বাড়ি হতে লতিফ বিশ্বাসের বাড়ি পর্যন্ত এবং (৩) পৌলী মালেকের বাড়ি হতে ইয়াকুবের বাড়ি পর্যন্ত সলিং কাজ। | ৪,৬৫,২৬৯.০০ |

উপরোক্ত গ্রহণকৃত প্রকল্প সমূহের বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকলকে অবহিত করেন যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে রাজস্ব খাতের অর্থ উদ্বৃত্ত না থাকার সম্ভাবনাই বেশি। "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প"(IUGIP) এর নির্দেশনা মোতাবেক বকেয়া বিদ্যুৎ বিল, বিএমডিএফ এর বকেয়া কিস্তি পরিশোধ না করে রাজস্ব খাতে প্রকল্প গ্রহণ সমীচীন হবেনা। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে উপরোল্লেখিত প্রকল্প সমূহ ও প্রকল্পের বিপরীতে প্রাক্কলিত অর্থ অনুমোদন সহ পৌর রাজস্ব তহবিলের অর্থের সংস্থান সাপেক্ষে পিপিআর ২০০৮ অনুসরণ পূর্বক বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। প্রয়োজনে আগামী ২০২৪-২০২৫ অর্থ বছরে রাজস্ব খাতে ব্যয় কৃত অর্থ সমন্বয় করার সিদ্ধান্ত গৃহিত হলো।

**<u>বিবিধ-০৫</u> ঃ চুক্তিভিত্তিক কর্মচারী হিসেবে নিয়োগ প্রদান প্রসঙ্গে।**

<u>আলোচনা</u> ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, জনাব মোঃ উজ্জল আলী, পিতা- মৃত মোঃ জামাল বেপারী, মাতা- মোছাঃ মনোয়ারা বেগম, সাং- পশ্চিম দাশড়া, মানিকগঞ্জ চুক্তিভিত্তিক কর্মী হিসেবে নিয়োগ চাহিয়া আবেদন করেছেন। আবেদন পত্রে পৌর পরিষদের সকল সদস্যদের স্বাক্ষর রয়েছে। উক্ত আবেদন পত্রটি সভায় উপস্থাপনের জন্য মেয়র নির্দেশনা প্রদান করেছেন। মেয়র মহোদয়ের নির্দেশনা মোতাবেক পৌর নির্বাহী কর্মকর্তা চুক্তিভিত্তিক পরিচ্ছন্নতা কর্মী হিসেবে নিয়োগের আবেদন পত্রটি সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত চুক্তি ভিত্তিক পরিচ্ছন্নতা কর্মী হিসেবে চাকুরীর আবেদন পত্রের বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৩.২২.০০১.১৭.৬৪৮ তারিখঃ ০৪/০৮/২০২১ খ্রি. স্মারক নং- ৪৬. ০০.০০০০.০৬৩.৩১.০০২.২১.৬৫৯ তারিখঃ ০৬/০৮/২০২১ খ্রি., স্মারক নং- ৪৬.০০.০০০০. ০৬৩.১১.১৯.১৯.৬৯৩ তারিখঃ ১৯/০৮/২০২১ খ্রি., স্থানীয় সরকার বিভাগ, পৌর-২ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪.৫৮.০০৩.২১-২১ তারিখঃ ২২/০৮/২০২১ এর পত্র সমূহের বিষয়ে উপস্থিত সকলকে অবহিত করেন। তিনি বলেন যে কোন ধরনের নিয়োগ দিতে হলে নিয়ামক কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন। স্থানীয় সরকার মন্ত্রণালয়ের পত্র সমূহের আলোকে চুক্তি ভিত্তিক কর্মী নিয়োগের বিষয়ে মেয়র বলেন, যেহেতু স্থায়ী পদের বিপরীতে কোন নিয়োগ প্রদান করা যাবে না। শুধু মাত্র স্থানীয় চাহিদার আলোকে ০৬(ছয়)টি পদে অর্থাৎ - (সুইপার, সুইপার সুপারভাইজার, কেয়ারটেকার, মৌলভী, পুরোহিত ও ডোম) হিসেবে পৌরসভা কর্তৃক পরিষদ সভায় অনুমোদনের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের ছাড়পত্র নিয়ে নিয়োগের অনুমতি রয়েছে। সে প্রেক্ষিতে মানিকগঞ্জ পৌরসভায় জরুরী প্রয়োজনে আবেদিত ব্যক্তিকে কাজ নেই মুজুরি নেই ভিত্তিতে পরিচ্ছন্নতা কর্মী নিয়োগ দেওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌরসভায় লোকবল চাহিদার প্রেক্ষিতে পৌরসভা কর্তৃক নিয়োগ যোগ্য ০৬(ছয়)টি পদের মধ্যে জনাব মোঃ উজ্জল আলী, পিতা- মৃত মোঃ জামাল বেপারী, মাতা- মোছাঃ মনোয়ারা বেগম, সাং- পশ্চিম দাশড়া, মানিকগঞ্জ-কে কাজ নেই মুজুরী নেই ভিত্তিতে

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা মানিকগঞ্জ।

সুইপার/পরিচ্ছন্নতা কর্মী পদে দৈনিক হাজিরা ৪০০ (চারশত)টাকা হিসেবে ০৩ (তিন) মাসের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করার সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহিত হলো।

<u>বিবিধ-০৬</u> ঃ **রাস্তার নাম করণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ**

<u>আলোচনা</u> ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, পৌর এলাকার রাস্তার নাম করনের বিষয়ে ০২(দুই)টি আবেদন পত্র পাওয়া গিয়েছে। আবেদন পত্র দুটি সভায় উপস্থাপন করা হয়। (১) জনাব মাইনুদ্দিন আহমেদ গং পশ্চিম দাশড়া এলাকানিবাসীগণের স্বাক্ষরিত আবেদন পত্রে চর বেউথা কবরস্থান মসজিদ(মেইন রোড) হতে পশ্চিম দিকে খা পাড়া পর্যন্ত রাস্তাটি মরহুম আব্দুল গফুর বেপারী সড়ক নাম করণ বিষয়ে উল্লেখ করেছেন। (২) চর বেউথা এলাকানিবাসী জনাব মোঃ উজ্জত আলী সাবেক কমিশনার জনাব নূর নবীর বাড়ি হতে দক্ষিনে বীর মুক্তিযোদ্ধা আয়নাল হক এর বাড়ী পর্যন্ত রাস্তাটি মেয়র রমজান আলী সড়ক নামকরণ করার জন্য উল্লেখ করেছে। উক্ত আবেদন পত্র সমূহের বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, পৌরসভার অন্তর্গত বিভিন্ন রাস্তার নামকরণ বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক বিধি তৈরী পূর্বক নামকরণ করার নির্দেশনা রয়েছে এবং শহীদ বীর মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধাদের নামে বিভিন্ন রাস্তা বা স্থাপনা নামকরণ অগ্রাধিকার ভিত্তিতে করার সিদ্ধান্ত রয়েছে। তাই উল্লেখিত রাস্তা সমূহের নামকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে উপরোক্ত রাস্তার নাম করন বিষয়ে আরো পুঙ্খানুপুঙ্খ বিচার বিশ্লেষণ পূর্বক আগামী যে কোন সভায় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

পরিশেষে অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রমজান আলী)
মোঃ রমজান আলী
মেয়র
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ।
ফোন নম্বর ঃ ০২-৯৯৬৬১০৪০৩
manikganj_municipality@yahoo.com

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-সাধাঃ-২০২৪-৪১৮ তারিখ ঃ ২১/০৩/২০২৪ খ্রি.

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ-</u>

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ

০৩। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, মানিকগঞ্জ

০৪। জনাব..........................................................................কাউন্সিলর(সকল), মানিকগঞ্জ পৌরসভা

০৫। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা

০৬। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা

০৭। জনাব ............................................পদবি....................শাখা....................মানিকগঞ্জ পৌরসভা

০৮। প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সংশ্লিষ্ট কার্যবিবরণী পৌরসভার নিজস্ব ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য বলা হলো

০৯। সংশ্লিষ্ট নথি

মেয়র
মোঃ রমজান আলী
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।